২

দৈনিক ইত্তেফাক

তারিখ ... JAN. 0 4 2000

পৃষ্ঠা ২ কলাম ৭

# পরীক্ষা পিছানোর দাবীতে ভাংচুর

ময়মনসিংহ (উত্তর) সংবাদদাতা ॥ গতকাল (সোমবার) সকালে আনন্দমোহন কলেজের অনার্স পার্ট-৩-এর পরীক্ষার্থীরা পরীক্ষা পিছানোর দাবীতে ক্যাম্পাসে ব্যাপক ভাংচুর করে।

অনার্স পার্ট-৩-এর পরীক্ষার্থীরা গাজীপুরে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভিসিকে ঘেরাও করিয়া আগামী ২৪শে জানুয়ারী অনুষ্ঠিতব্য পরীক্ষা পিছানোর কোন আশ্বাস না পাওয়ায় কলেজ ক্যাম্পাসে ব্যাপক ভাংচুর করে। ছাত্রদের বিক্ষোভের সময় কলেজ কর্তপক্ষ অনার্স ক্লাসে নূতন ভর্তি কার্যক্রম বন্ধ করিয়া দিতে বাধ্য হয়। পরে পুলিশ ঘটনাস্থলে গিয়া পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। ছাত্ররা পরে একটি মিছিল বাহির করিয়া শহর প্রদক্ষিণ শেষে প্রেসক্লাবের সামনে সংক্ষিপ্ত সমাবেশ করে এবং পরীক্ষা পিছানো না হইলে অনির্দিষ্টকালের জন্য কলেজ বন্ধ করিয়া দিবে বলিয়া ঘোষণা দেয়।